

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০
www.imli.gov.bd

২৪ মাঘ ১৪২৪

স্মারক নং- আমাই/শিশুদের চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক/০২/২০১৫/ ২০৩

তারিখ :
৬ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়: 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮' উদযাপন উপলক্ষে আয়োজিত শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণ।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উদ্যোগে পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা-র সহযোগিতায় আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে সকাল ০৯:৩০ ঘটিকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রাঙ্গণে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতাটি বিভিন্ন শ্রেণিভিত্তিক চারটি ক্যাটাগরি অনুযায়ী অনুষ্ঠিত হবে।


গ্রুপ	শ্রেণি	বিষয়
গ্রুপ-এ	প্রাক-প্রাথমিক থেকে দ্বিতীয় শ্রেণি	যে কোনো বিষয় (উন্মুক্ত)
গ্রুপ-বি	তৃতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি	প্রকৃতি (Nature)
গ্রুপ-সি	ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি	মুক্তিযুদ্ধভিত্তিক ছবি/ Cultural Heritage (বিদেশি প্রতিযোগীদের জন্য)
গ্রুপ-ডি	নবম ও দশম শ্রেণি	ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/ International Mother Language Day (বিদেশি প্রতিযোগীদের জন্য)

সময়সূচি:

সকাল ০৯:৩০ থেকে ১১:০০ মি. : শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা
সকাল ১১:০০ থেকে ১১:৩০ মি. : চিত্রকর্মের মূল্যায়ন ও আপ্যায়নপর্ব
সকাল ১১:৩০ থেকে দুপুর ১২:৩০ মি. : পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান

উক্ত প্রতিযোগিতায় সেরা প্রতিযোগী নির্বাচনের জন্য চারুকলা অনুষদ-ঢাকা বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রতিনিধিগণ বিচারক হিসেবে উপস্থিত থাকবেন। উল্লেখ্য, বাংলাদেশে অবস্থিত বিদেশি দূতাবাসে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের স্কুলগামী সন্তানরাও এ প্রতিযোগিতায় পৃথকভাবে অংশগ্রহণ করবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শিশুদের অংশগ্রহণের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পক্ষ থেকে কাগজ সরবরাহ করা হবে। তবে প্রয়োজনীয় অন্যান্য অঙ্কন সরঞ্জাম সংশ্লিষ্টদের সঙ্গে আনতে হবে।

প্রতিযোগীদের এতদসঙ্গে সংযুক্ত ফরম পূরণ করে আগামী ১৫/০২/২০১৮ তারিখের মধ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অফিসে জমা দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশন ব্যতীত প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে না।


(নাজমুন নাহার)

উপপরিচালক (গ্রন্থাগার ও জাদুঘর)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

ও

সদস্যসচিব

শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং লোকজ
সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পর্কিত উপকমিটি
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদযাপন

ফোন: ০২-৮৩৯১২৪০

E-mail: cnazhar@gmail.com

শিক্ষা প্রতিষ্ঠানের নাম :

প্রতিষ্ঠানের ঠিকানা :

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নামের তালিকা:

গ্রুপ-এ

ক্রমিক নং	শিক্ষার্থীর নাম	শ্রেণি	রোল	মোবাইল নম্বর	মন্তব্য
	বাংলা:				
	ইংরেজি:				

গ্রুপ-বি

ক্রমিক নং	শিক্ষার্থীর নাম	শ্রেণি	রোল	মোবাইল নম্বর	মন্তব্য
	বাংলা:				
	ইংরেজি:				

গ্রুপ-সি

ক্রমিক নং	শিক্ষার্থীর নাম	শ্রেণি	রোল	মোবাইল নম্বর	মন্তব্য
	বাংলা:				
	ইংরেজি:				

গ্রুপ-ডি

ক্রমিক নং	শিক্ষার্থীর নাম	শ্রেণি	রোল	মোবাইল নম্বর	মন্তব্য
	বাংলা:				
	ইংরেজি:				

